

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
'যুব ভবন' ঢাকা।
www.dyd.gov.bd.
যুউঅ. বাংলা

স্মারক নং -৩৪.০১.০০০০.০২৫.৩৩.০০৬.২০১৪-২৭৭


তারিখঃ ০৯/ ১০/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ১২-০৭-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের
বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

সূত্রঃ যুক্তীম স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-৩৮৭

তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ১২-০৭-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে নৈতিকতা কমিটির সভায় এ দপ্তর সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এসংগে প্রেরণ করা হলো।


(মোঃ শহিদুজ্জামান)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯
dg@dyd.gov.bd

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ জনাব আ স ম সুজা
সহকারী সচিব (সমন্বয় শাখা)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫

গৃহীত সিদ্ধান্তের আলোকে যুব উন্নয়ন অধিদপ্তরের অগ্রগতিঃ

গৃহীত সিদ্ধান্ত	অগ্রগতি
ক) মন্ত্রণালয়সহ দপ্তর/ সংস্থাসমূহকে ই-জিপিতে ১০০% ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া ৪র্থ প্রান্তিকে (এপ্রিল- জুন/ ২০১৮) শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরীভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) ই-জিপিতে ১০০% ক্রয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে উন্নয়ন প্রকল্প ও রাজস্বখাত হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া ৪র্থ প্রান্তিকে (এপ্রিল- জুন-২০১৮) এ দপ্তরের মোট ০৮ (আট) জন কর্মকর্তা ও কর্মচারী কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।
খ) সকল দপ্তর/ সংস্থার প্রধানগণ মাঠ পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স এবং মাঠ পর্যায়ে পরিদর্শনকালে গণশুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত রাখবেন।	খ) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান তথ্য মহাপরিচালক মহোদয় মাঠ কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স এবং মাঠ পর্যায়ে পরিদর্শন কালে গণশুনানী গ্রহণ করবেন।
গ) ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য সকল দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করবে।	গ) ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য এ দপ্তরে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
ঘ) মন্ত্রণালয় ও সকল দপ্তর/ সংস্থাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ এ অডিট আপত্তির নিষ্পত্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ঘ) এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ এ অডিট আপত্তি নিষ্পত্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
ঙ) ৩ জুলাই/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত অত্র মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ ভূতাপেক্ষ অনুমোদন প্রদানসহ ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০১৮) প্রতিবেদন অনুমোদন করা হয়।	ঙ) প্রযোজ্য নয়।
চ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০১৮) প্রতিবেদন জরুরীভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	চ) প্রযোজ্য নয়।

